

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়  
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
[www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

২১ পৌষ, ১৪৩১

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.১৮.০৫৯.২৪-৪৬

তারিখ:-----  
০৫ জানুয়ারি, ২০২৫


বিষয়: বেসরকারী আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০২.০০০০.০০৬.১৮.০৫৯.২৪-৪৫ তারিখ: ০৫ জানুয়ারি ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলা সরকারের পক্ষে পরিচালনা জন্য ৫(পাঁচ) জন বেসরকারী আইনজীবী নিয়োগের বিজ্ঞপ্তি এ-সাথে প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী ০৭ জানুয়ারি ২০২৫ অথবা ০৮ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে যে কোন ১(এক) দিন (৮"×৩ কলাম আকারে) প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিজ্ঞপ্তি প্রকাশের পর পত্রিকার ৫ কপি এবং ৩কপি বিল এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১ পাতা



(মোহাম্মদ হাবীব তৌহিদ ইমাম)  
উপপরিচালক (প্রশাসন)

ও

সদস্য সচিব  
প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি

১) সম্পাদক

দৈনিক প্রথম আলো  
প্রগতি ইনস্যুরেন্স ভবন  
২০-২১, কাওরান বাজার, ঢাকা

২) সম্পাদক

দি ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস  
ট্রপিকানা টাওয়ার (লেভেল-৪)  
৪৫ তোপখানা রোড, ঢাকা

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ২) মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়  
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
www.dnc.gov.bd

২১ পৌষ, ১৪৩১

নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.১৮.০৫৯.২৪-৪৫

তারিখঃ -----

০৫ জানুয়ারি, ২০২৫

বেসরকারি আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষে সরকারি স্বার্থ রক্ষার্থে উচ্চ আদালত (হাইকোর্ট ও আপীল বিভাগ), নিম্ন আদালত, প্রশাসনিক ট্রাইব্যুনাল ও অন্যান্য আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও তদারকির জন্য ৫(পাঁচ) জনের একটি বেসরকারি আইনজীবী প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

শর্তাবলী

- ১। আবেদনকারী আইনজীবীর ঢাকায় স্থায়ী চেম্বার থাকতে হবে;
- ২। আবেদনকারীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, বয়স ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে;
- ৩। আবেদনের সাথে সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করে দিতে হবে;
- ৪। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা সনদসহ সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে;
- ৫। প্রার্থীকে আইন পেশায় কমপক্ষে ১৫(পনেরো) বৎসর তন্মধ্যে উচ্চতর আদালতে মামলা পরিচালনায় ০৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
- ৬। সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনজীবীগণকে ফি পরিশোধ করা হবে এবং এ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে;
- ৭। আবেদনের সাথে মামলার ধরণ অনুযায়ী পরিচালনা ব্যয় বিস্তারিত হিসাব উল্লেখ করতে হবে;
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
- ৯। আবেদনকারীর বয়স ৬৫ বছরের অধিক হতে পারবে না;
- ১০। আইনজীবীর মেয়াদ হবে ০৩(তিন) বছর এবং উভয়পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ নবায়নযোগ্য;
- ১১। কোন আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৩০(ত্রিশ) দিন পূর্বে এ অধিদপ্তরকে নোটিশ প্রদান করতে হবে এবং এ অধিদপ্তর ৩০(ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদানের মাধ্যমে প্যানেলভুক্ত কোন আইনজীবীকে অব্যাহতি প্রদান করতে পারবে;
- ১২। আগামী ২৯ জানুয়ারি ২০২৫ তারিখ বিকাল ৫টার মধ্যে পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে;
- ১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেলভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

— মোহাম্মদ মামুন মিয়া

(মোহাম্মদ মামুন মিয়া)

পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

☎ ০২-২২৬৬৬৪৪০২

✉ diradmin@dnc.gov.bd  
০৫/০১/২৫